গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো
হাউজহোল্ড ইনকাম এন্ড এক্সপেন্ডিচার সার্ভে (HIES) ২০২০-২১ প্রকল্প
পরিসংখ্যান ভবন (৯ম তলা, ব্লক-১)
ই-২৭/এ, আগারগাঁও, ঢাকা-১২০৭
www.bbs.gov.bd

নং-৫২.০১.০০০০.৭১৩.১১.০০৪.২১(১). ৪৭৮

তারিখ: ০৫ কার্তিক ১৪২৮ / ২১ অক্টোবর ২০২১

**বিষয়: বিবিএস কর্তৃক বাস্তবায়নাধীন আসন্ন HIES 2022 জরিপের Enumerator Cum Data Entry Operator নিয়োগ (মূল জরিপের গণনাকারী হিসেবে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে ১৪ মাসের জন্য) সংক্রান্ত।**

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো HIES 2020-21 প্রকল্পের অধীন HIES 2022 জরিপ পরিচালনার প্রস্তুতি চলমান রয়েছে। অত্র প্রকল্পের সর্বশেষ স্টিয়ারিং কমিটির সিদ্ধান্ত মোতাবেক ০১ জানুয়ারি ২০২২ হতে দেশব্যাপি ০১ (এক) বছর মেয়াদে এই জরিপের তথ্য সংগ্রহ কার্যক্রম পরিচালনা করা হবে। উল্লেখ্য, HIES জরিপটি বিবিএস এর অত্যন্ত গুরুত্বপূর্ণ কার্যক্রম হিসেবে বিবেচিত। এটি অংশীজনদের নিকট ব্যাপক সমাদৃত। HIES জরিপের প্রশ্নপত্র আকারে বৃহৎ ও জটিল প্রকৃতির ফলে এ জরিপে তথ্যের গুণগত মান নিশ্চিত করতে হলে চৌকস (অধিকতর যোগ্যতা ও দক্ষতা সম্পন্ন) গণনাকারী নিয়োগ করা জরুরি। HIES জরিপের সংশ্লিষ্ট গণনাকারীগণের জন্য দীর্ঘ মেয়াদে অত্যন্ত গুরুত্বসহকারে প্রশিক্ষণের আয়োজন করা হয়। প্রশিক্ষণটি ডিসেম্বর ২০২১ সময়ে অনুষ্ঠিত হবে। তাই ০১ (এক) বছরব্যাপি তথ্য সংগ্রহ কার্যক্রমের মধ্যবর্তী যে কোন সময়ে/পর্যায়ে গণনাকারী পরিবর্তন/চলে যাওয়া কাম্য নয়। আলোচ্যক্ষেত্রে যদি গণনা কার্যক্রম চলাকালীন অর্থাৎ মাঝপথে কোন গণনাকারী চলে যায় তার স্থলে নতুন করে গণনাকারী নিয়োগ ও প্রশিক্ষণ প্রদান করে কার্যক্রম পরিচালনা অত্যন্ত চ্যালেঞ্জিং বিষয় হবে।

০২। বিগত সময়ে অর্থাৎ সর্বশেষ ২০১৬ সালে HIES জরিপ CAFE (Computer Assisted Field Entry) পদ্ধতি অনুসরণ করে পরিচালনা করা হয়েছে। অর্থাৎ প্রতিটি PSU-তে ০১ (এক) জন বাহিরের এবং ০১ (এক) জন বিবিএস-এর গণনাকারী সম্মিলিতভাবে প্রতি টার্মে মোট ২০টি খানার তথ্য সংগ্রহ করেছে। এক্ষেত্রে গণনাকারীগণ সারাদিন PAPI (Paper and Pencil Interviewing) পদ্ধতিতে তথ্য সংগ্রহ করে সন্ধ্যা/রাতে ডিভাইস (Laptop) এ এন্ট্রিপূর্বক Internet/Modem-এর মাধ্যমে বিবিএস সদর দপ্তরে ড্রপ বক্সে তথ্য প্রেরণ করে প্রতিটি টিমের জন্য ০১টি ডিভাইস (Laptop) বরাদ্দ ছিল। কিন্তু, বর্তমানে CAPI (Computer Assisted Personal Interviewing) পদ্ধিতে তথ্য সংগ্রহ করতে হলে প্রত্যেক গণনাকারীকে ০১টি ডিভাইস সরবরাহ করতে হবে এবং গণনাকারীগণকে অবশ্যই Laptop ব্যবহারে পূর্ব অভিজ্ঞতা সম্পন্ন/পারদর্শি হওয়া আবশ্যক।

০৩। বর্ণিতাবস্থার প্রেক্ষিতে, অধিকতর যাচাই-বাছাই পূর্বক আসন্ন HIES 2022 জরিপের তথ্যের গুণগত মান নিশ্চিত করার লক্ষ্যে সংযুক্ত ছক মোতাবেক আপনার জেলা হতে ০৪ (চার) জন চৌকস গণনাকারীর (Enumerator Cum Data Entry Operator) নাম আগামী ২৮ অক্টোবর ২০২১ তারিখের মধ্যে সুপারিশ করে HIES ২০২০-২০২১ প্রকল্প দপ্তরে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

০৪। মহাপরিচালক, বিবিএস এর অনুমোদনক্রমে এ পত্র প্রেরণ করা হলো।

২১/১০/২০২১

ড. দিপংকর রায়
(উপসচিব)
প্রকল্প পরিচালক
HIES ২০২০-২১ প্রকল্প, বিবিএস
ফোন: ০২-৫৫০০৭০৫২
E-mail: dr.roy.rd@gmail.com

প্রাপক:
উপপরিচালক/উপপরিচালক (ভা:প্রা:)/উপপরিচালক (অ.দা.)
জেলা পরিসংখ্যান কার্যালয় (সকল)
.................................।

অ.পৃ.দ্র.

<u>অনুলিপি: সদয় (জ্ঞাতার্থে/কার্যার্থে)</u>

০১. মহাপরিচালক, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, ঢাকা।

০২. যুগ্মপরিচালক/যুগ্মপরিচালক (ভা:প্রা:)/যুগ্মপরিচালক (অ.দা:), বিভাগীয় পরিসংখ্যান কার্যালয় (সকল)।

০৩. সচিবের একান্ত সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা।

০৪. চিফ অ্যাকাউন্টস অ্যান্ড ফিন্যান্স অফিসার, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, সিজিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা।

০৫. অফিস কপি।

২১/১০/২০২১

মহিউদ্দিন আহ্‌মেদ এমপিএইচ
উপপ্রকল্প পরিচালক
ও
আয়ন-ব্যয়ন কর্মকর্তা
HIES ২০২০-২১ প্রকল্প, বিবিএস
ফোন: ০২-৫৫০০৭৩৪৫
E-mail: mohiuddin.bbs@gmail.com

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো
হাউজহোল্ড ইনকাম এন্ড এক্সপেন্ডিচার সার্ভে (HIES) ২০২০-২১ প্রকল্প
পরিসংখ্যান ভবন (৯ম তলা, ব্লক-১)
ই-২৭/এ, আগারগাঁও, ঢাকা-১২০৭
www.bbs.gov.bd

**বিবিএস কর্তৃক বাস্তবায়নাধীন আসন্ন HIES 2022 জরিপের Enumerator Cum Data Entry Operator-গণের যোগ্যতা:**

| | | |
|---|---|---|
| শিক্ষাগত যোগ্যতা | : | কমপক্ষে ডিগ্রী (স্নাতক) পাশ (পরিসংখ্যান বিষয় থাকতে হবে) [তবে পরিসংখ্যান/অর্থনীতি/গণিত বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রিধারীগণকে পাওয়া গেলে অগ্রাধিকার দেয়া হবে]; |
| বয়স | : | ৩১-৪০ বছর (০১/১২/২০২১ খ্রি. তারিখে); |
| আইসিটি বিষয়ে অভিজ্ঞতা | : | আইসিটি বিষয়ে ন্যূনতম জ্ঞান থাকতে হবে। Laptop চালনায় পূর্বঅভিজ্ঞতা আবশ্যক। বাংলা ও ইংরেজি টাইপে পারদর্শী হতে হবে; |
| চারিত্রিক সনদপত্র | : | সরকারি গ্যাজেটেড কর্মকর্তা/স্থানীয় জনপ্রতিনিধি কর্তৃক; |
| জাতীয়তা | : | বাংলাদেশের স্থায়ী নাগিরক; |
| প্রমাণক | : | শিক্ষাগত যোগ্যতা, বয়স ও জাতীয়তা সংক্রান্ত সকল মূল সনদ প্রমানক ও সত্যায়িত ফটোকপি জমা প্রদান করতে হবে; |
| নির্বাচনী পরীক্ষা | : | নির্বাচনী পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে (লিখিত, ব্যবহারিক ও ভাইভা মোট ১০০ নম্বর) [স্ব-স্ব জেলা কার্যালয় ১০০ নম্বর (লিখিত-৪০, ব্যবহারিক-৩০, ভাইবা-৩০) এর ভিত্তিতে মূল্যায়ন করবে] |
| অঙ্গীকারনামা | : | দেশের যেকোন এলাকায় (এমনকি প্রত্যন্ত/দূর্গম এলাকায়) সম্পূর্ণ ০১ (এক) বছরব্যাপী নিরবচ্ছিন্নভাবে তথ্য সংগ্রহে অঙ্গীকারনামা প্রদান করতে হবে। |

২১.১০.২০২১
মহিউদ্দিন আহ্মেদ এমপিএইচ
উপপ্রকল্প পরিচালক
ও
আয়ন-ব্যয়ন কর্মকর্তা
HIES ২০২০-২১ প্রকল্প, বিবিএস

২১/১০/২০২১
ড. দিপংকর রায়
(উপসচিব)
প্রকল্প পরিচালক
HIES ২০২০-২১ প্রকল্প, বিবিএস

.............................................. জেলা

জেলা পরিসংখ্যান কার্যালয়

## সামারি/ছক:

| ক্রমিক নং | সুপারিশকৃত গণনাকারীর নাম (মেধা অনুসারে) | বর্তমান ঠিকানা | স্থায়ী ঠিকানা | শিক্ষাগত যোগ্যতা | আইসিটি বিষয়ে অভিজ্ঞতা | বয়স (০১/১২/২০২১ তারিখে) | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| ০১ | | | | | | | |
| ০২ | | | | | | | |
| ০৩ | | | | | | | |
| ০৪ | | | | | | | |

সংশ্লিষ্ট জেলা কর্মকর্তার স্বাক্ষর (সীলসহ)